

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় অফিসারের কার্যালয়
জয়পুরহাট।

স্মারক নং-৪৭.০৬১.৩৮০০.২৪১.৪২.০০৩.২১.

তারিখ : /০৯/২০২২খ্রিঃ।

বিষয় : সরাসরি নিবন্ধন বাতিলের কারণ দর্শানোর নোটিশ।

সূত্র : উপজেলা সমবায় অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট এর স্মারক নং-১৫১, তারিখঃ ২৩/০৬/২২খ্রিঃ এর প্রেক্ষিতে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রে উপজেলা সমবায় অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট এর সুপারিশের প্রেক্ষিতে দেখা যায় যে, বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ রেজি নং-০৪ তারিখঃ ১২/১১/২০১২খ্রিঃ, গ্রামঃ আক্কেলপুর স্টেশন রোড, পোঃ + উপজেলাঃ আক্কেলপুর, জেলাঃ জয়পুরহাট। বিগত ০১ (বছর) যাবৎ সমিতিটি অকার্যকর অবস্থায় রয়েছে। সমিতিটিতে বৈধ ব্যবস্থাপনা কমিটি নেই এবং বার্ষিক সাধারণ সভা, বিশেষ সাধারণ সভা ও মাসিক সভা অনুষ্ঠিত হয় নাই। সমবায় সমিতি আইন-২০০১, (সংশোধন ২০০২ ও ২০১৩) এবং বিধিমালা/২০০৪ এবং নিবন্ধিত উপ-আইনের শর্তভঙ্গ করে কার্যক্রম পরিচালনা করে আসছে।

এমতাবস্থায় সমবায় সমিতি আইন ২০০১, (সংশোধন ২০০২ ও ২০১৩ এর ৫৩(গ) ও ৫৩(ঙ) ধারা মোতাবেক সমিতির নিবন্ধন কেন বাতিল করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ১০/১০/২০২২খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন-স্বাক্ষরকারীর দপ্তরে দাখিলের জন্য বলা হলো। ব্যর্থতায় সমিতির নিবন্ধন সরাসরি বাতিল করা হবে।

প্রতি,

জনাব মোঃ আশরাফ আলী।
সভাপতি,
বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ
গ্রামঃ আক্কেলপুর স্টেশন রোড, পোঃ আক্কেলপুর
উপজেলাঃ আক্কেলপুর, জয়পুরহাট।

স্বাঃ/ (মোঃ ইসমাইল হোসেন সিরাজী)
জেলা সমবায় অফিসার
জয়পুরহাট।
ফোন নং-০২৫৮৯৯১৫৬৫৩।
ই-মেইল: dco_joypurhat@yahoo.com

স্মারক নং-৪৭.০৬১.৩৮০০.২৪১.৪২.০০৩.২১. ১১২৮/১৫

তারিখ : ১৫ /০৯/২০২২খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, জয়পুরহাট (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০২। যুগ্ম- নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট, মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৪। উপজেলা সমবায় অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট। তাঁকে সমিতির কর্তৃপক্ষের কারণ দর্শানোর পত্রের এক কপি বিতরণ পূর্বক অত্র কার্যালয়ে আগামী ০৬/১০/২২খ্রিঃ তারিখের মধ্যে প্রাপ্তি স্বীকার পত্র প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৫। অফিস নথি।

জেলা সমবায় অফিসার
জয়পুরহাট।